গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.১৮.০০০১.২৫.৪৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ / ৩০ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: টিকেট কিংডম ট্রাভেল এজেন্সির বাতিল আদেশ।

যেহেতু, টিকেট কিংডম, স্বত্বাধিকারী: জনাব উমায়ের করিম ইফতি, ঠিকানা: ৩৩/১, গ্রীন রোড (গ্রীন মার্ট মার্কেট), লেভেল-৩, রুম-৩০৫, ধানমন্ডি, ঢাকা ট্রাভেল এজেন্সি এর অনুকূলে ১৭.০৪.২০২৪ তারিখ হতে ১৬.০৪.২০২৭ তারিখ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০১৫৩৭৩ ইস্যু করা হয়।

২। উক্ত ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে গত ০৫.০৫.২০২৬ তারিখ জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভুক্তভোগী বিভিন্ন ট্রাভেল এজেন্সির মালিক ও প্রতিনিধিগণ অভিযোগ দাখিল করেন। এই পরিপ্রেক্ষিতে, গত ১৩.০৫.২০২৬ তারিখ দুপুর ১২:০০ টায় নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক শুনানি গ্রহণের জন্য তারিখ নির্ধারণ করা হয়। কিন্তু উক্ত শুনানিতে টিকেট কিংডম ট্রাভেল এজেন্সির স্বত্বাধিকারী বা প্রতিনিধি কেউ উপস্থিত হয়নি।

৩। এছাড়া, উক্ত ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা থেকে প্রাপ্ত পত্রে জানানো হয়েছে যে, টিকেট কিংডম এর জালিয়াতির প্রেক্ষিতে একটি এনফোর্সমেন্ট অভিযান পরিচালিত হয়। অভিযান শেষে এনফোর্সমেন্ট টিম কমিশন বরাবর প্রতিবেদন দাখিল করে। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, টিকিট কিংডম নামীয় ট্রাভেল এজেন্সির সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ প্রতারণার মাধ্যমে গ্রাহকদের নিকট হতে হজ্জ যাত্রীদের টিকিট প্রদানের শর্তে অর্থ গ্রহণ করলেও নির্ধারিত সময়ে টিকিট প্রদান না করে গৃহীত অর্থ আত্মসাতপূর্বক অবৈধ সম্পদ অর্জন করেছেন মর্মে অভিযান পরিচালনাকারী টিমের নিকট পরিলক্ষিত হয়। এ বিষয়ে টিকেট কিংডম এর নিবন্ধন সনদ (সনদ নং-০০১৫৩৭৩) পুনর্বিবেচনার জন্য প্রাপ্ত বিবেচ্যপত্রে অনুরোধ করা হয়েছে।

৪। যেহেতু টিকেট কিংডম ট্রাভেল এজেন্সি এর কর্মকান্ড আইনানুগভাবে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৫(১)(ঙ) তে বর্ণিত হলফনামার সুস্পষ্ট লঙ্ঘন এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এ বর্ণিত বিধি আচরণবিধির পরিপন্থী। একইসাথে ট্রাভেল এজেন্সি আইন, বিধি ও নিবন্ধন সনদের শর্ত ভঙ্গ করায় প্রতিষ্ঠানটি বাংলাদেশ ট্রাভেল এজেন্সির (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৯(১)(খ) বিধানের সুস্পষ্ট লঙ্ঘন। অর্থ্যাৎ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১১ ধারা অনুযায়ী দন্ডনীয় অপরাধ।

৫। সেহেতু বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৯(১)(খ) এর বিধান লঙ্ঘন এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এ বর্ণিত বিধি ১৫ অনুযায়ী আচরণবিধি লঙ্ঘন করায় টিকেট কিংডম এর নিবন্ধন সনদ নং-০০১৫৩৭৩ বাতিল করা হলো।

৬। এমতাবস্থায়, আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন ও নিবন্ধন নবায়ন সনদসমূহ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩০-০৯-২০২৬
বেগম নায়লা আহমেদ
যুগ্ম-সচিব

জনাব মোঃ উমায়ের করিম ইফতি, স্বত্বাধিকারী
টিকেট কিংডম, ৩৩/১, গ্রীন রোড (গ্রীন মার্ট মার্কেট), লেভেল-৩, রুম-৩০৫, ধানমন্ডি, ঢাকা।

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.১৮.০০০১.২৫.৪৬/১ (১১)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ / ৩০ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪। কমিশনার, পুলিশ কমিশনারের দপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও,, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮। প্রশাসক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার (১৬ তলা), ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
৯। ব্যক্তিগত কর্মকর্তা, পর্যটন অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০। ব্যক্তিগত কর্মকর্তা, পর্যটন- ১ অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১১। অফিস কপি।

০৪-১০-২০২৬
বেগম নায়লা আহমেদ
যুগ্ম-সচিব